

পরিবেশগত উদ্দেশ্যের বিবৃতি

আমরা, অর্থাৎ কো-অপারেটিভ ব্যাংক, পরিবেশের উপরে এবং সামগ্রিকভাবে সমাজের উপরে আমাদের কাজকর্মের প্রভাব কেমন হতে পারে তারই বিচারে আমাদের ব্যবসায়িক নীতি নির্ধারণ ও অনুসরণ ক'রে চলবো। আমাদের বিভিন্ন কাজকর্মের প্রকৃতি এমন যে অর্থসংস্থান এবং ব্যাংক-এর অন্যান্য ব্যবস্থা সরবরাহের ব্যাপারে সূচিস্তিতভাবে বেছে কাজ করার ফলে, আমাদের পরোক্ষ প্রভাব আমাদের বাণিজ্যিক কাজকর্মের প্রত্যক্ষ প্রভাবের তুলনায় পরিবেশগত বিচারে অনেক বেশী উল্লেখযোগ্য।

তবে, নিচের চারটি বিজ্ঞানসন্মত নীতি অনুরণ করার ভিত্তিতে, আমরা ক্রমাগত আমাদের সমস্ত কাজকর্মের পর্যালোচনা ক'রে চলি এবং পরিবেশগত উন্নয়নের একটা কর্মসূচি কার্যকর করি :

:- ভূত্বক্ থেকে সংগৃহীত বর্জ্য পদার্থের পরিমাণ যদি ক্রমেই বেড়ে চলতে থাকে, প্রকৃতি তার চাপ সহ্য করতে পারে না।

:- মানবসমাজের সৃষ্ট বর্জ্য পদার্থের পরিমাণ ক্রমেই বেড়ে চলতে থাকলে, প্রকৃতি তার চাপ সহ্য করতে পারে না, বিশেষ ক'রে যদি সেগুলি এমন ধরনের কৃত্রিম পদার্থ হয় যাদের নির্দোষ পদার্থে পরিণত করা যায় না।

:- প্রকৃতির উৎপাদনশীল ক্ষেত্রের মান (বৈচিত্র্য) অথবা আয়তন (পরিমাণ) অবশ্যই কমে যেতে দেওয়া যাবে না এবং তাদের বৃদ্ধি পেয়ে যেতে দিতে হবে।

:- সমাজকে অবশ্যই সংরক্ষণযোগ্য, সমতাপূর্ণ ও কার্যকর উপায়ে শক্তি ও অন্যান্য সম্পদ ব্যবহার করার চেষ্টা করতে হবে।

আমরা মনে করি যে এইসব নীতি অনুসরণ ক'রে চলার অর্থ হলো পরিবেশের ভারসাম্য চমৎকারভাবে বজায় রাখার পথ অনুসরণ করা এবং তার ফলে সংরক্ষণযোগ্য অর্থনৈতিক সক্রিয়তার দ্বারা সমাজের ভবিষ্যৎ সমৃদ্ধি নিশ্চিত করা যাবে।

কো-অপারেটিভ ব্যাংক যে কেবলমাত্র উপরোক্ত পথ অনুসরণ ক'রে চলবে তাই নয়, তার সমস্ত সহযোগীকেও তা করায় সাহায্য করবে ও উৎসাহ দেবে।

এইসব ব্যবস্থার মাধ্যমে আমরা এই লক্ষ্য পূরণে সচেষ্ট থাকবো :

আর্থিক সেবাসমূহ

পরিবেশের উপরে নিজেদের কাজকর্মের প্রভাবের ব্যাপারে একটা গঠনমূলক দৃষ্টিভঙ্গী গ্রহণ করায়, এবং পরিবেশের ক্রমাগত ক্ষতিসাধন এড়িয়ে চলার চেষ্টা করে (আমাদের নৈতিকতাসম্পন্ন কর্মপদ্ধতিতে যেমন বর্ণনা করা হয়েছে) এমন বিভিন্ন প্রতিষ্ঠানে ও সংগঠনে বিনিয়োগ করায় আমাদের ব্যবসায়িক খরিদারদের উৎসাহদান।

ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ

পরিবেশের উপরে আমাদের কাজকর্মের প্রভাবের মূল্যায়ন করা, নিজেদের জন্য কিছু সুস্পষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করা, একটা উপযুক্ত ব্যবস্থাগ্রহণ পরিকল্পনা রচনা করা ও এগুলি আমরা কিভাবে কার্যকর করছি তার উপরে নজর রাখা, এবং তার ফলাফল প্রকাশ করা।

ক্রয় ও বহিরাগত সূত্রের সঙ্গে আদান-প্রদান

আমাদের যেসব সরবরাহকারীর কাজকর্ম আমাদের নৈতিকতাসম্পন্ন কর্মপদ্ধতি ও পরিবেশগত উদ্দেশ্যের বিবৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ তাদের স্বাগত জানানো, এবং তাদের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে কাজ ক'রে আমাদের যৌথ কাজকর্মের মান উন্নত করা।

সহায়তা

আমাদের বিভিন্ন পরিবেশগত কর্মসূচিতে সহায়তাদান এবং যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান ও সংগঠনের প্রত্যক্ষ ও পরোক্ষ কাজকর্ম একটা সংরক্ষণযোগ্য সমাজব্যবস্থা গড়ে তোলায় সাহায্য করে তাদের সঙ্গে সহযোগিতার সম্পর্ক স্থাপন করা।

আইন প্রণয়ন

পরিবেশ-সংক্রান্ত আইনকানুন, নির্দেশক ও নির্দেশাবলী মেনে চলার সাথে সাথে একটা সংরক্ষণযোগ্য সমাজব্যবস্থা গড়ে তোলায় আমাদের ভূমিকার ক্রমাগত উন্নতি ক'রে চলা।